

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

(প্রেস বিজ্ঞপ্তি)

২৪ সেপ্টেম্বর ২০২৪খ্রি

চসিক ও বিশ্ব স্বাস্থ্য সংস্থা'র সহযোগিতায় ইম্যুনাইজেশন রিভিউ সভা অনুষ্ঠিত

চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় রুটিন টিকাদান কর্মসূচী ইপিআই জোরদার করার লক্ষ্যে চসিক স্বাস্থ্য বিভাগ ও বিশ্ব স্বাস্থ্য সংস্থা'র সহযোগিতায় মঙ্গলবার সকালে আলকরণ চসিক জেনারেল হাসপাতালের মিলনায়তনে ইম্যুনাইজেশন রিভিউ সভা অনুষ্ঠিত হয়।

চসিক প্রধান স্বাস্থ্য কর্মকর্তা (ভারপ্রাপ্ত) ডাঃ মোহাম্মদ ইমাম হোসেন রানা সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম। বিশেষ অতিথি ছিলেন চট্টগ্রাম বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) ডাঃ অং সুই প্রু মারমা, সিভিল সার্জন ডাঃ জাহাঙ্গীর আলম, বিভাগীয় কো-অর্ডিনেটর বিশ্ব স্বাস্থ্য সংস্থা ডাঃ ইমং প্রু চৌধুরী, ন্যাশনাল ইপিআই আরবান স্পেশালিস্ট ইউনির্সেফ চট্টগ্রাম ডাঃ প্রসূন রায়। বক্তব্য রাখেন সহকারী স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ মোঃ রফিকুল ইসলাম, ডাঃ তপন কুমার চক্রবর্তী, জোনাল মেডিকেল অফিসার ডাঃ মোঃ হাসান মুরাদ চৌধুরী, ডঃ সুমন তালুকদার, ডাঃ আকিল মাহমুদ নাফে, ডাঃ জুয়েল মহাজন। উপস্থিত ছিলেন মেডিকেল অফিসার ইনচার্জ ডাঃ হোসনে আরা বেগম ইপিআই টেকনিশিয়ান, পরিসংখ্যান সহকারী, স্বাস্থ্য সহকারী, বিভিন্ন এনজিও সংস্থার প্রতিনিধিবৃন্দ।

প্রধান অতিথির বক্তব্যে শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন নাগরিকদের স্বাস্থ্য সেবায় ৫৬টি স্বাস্থ্য কমপ্লেক্স পরিচালনা করছে। তারমধ্যে অন্যতম কার্যক্রম হচ্ছে রুটিন টিকাদান কর্মসূচী। তিনি স্বাস্থ্য সুরক্ষায় গর্ভবতী মায়েদের ইপিআই কার্যক্রমে নিয়োজিত সকলকে আন্তরিকতার সাথে ড্রপআউট কমানোর পরামর্শ দেন। একই সাথে টিকা ভ্যাকসিন ঘাটতির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্বাস্থ্য বিভাগের উর্দ্ধতন কর্মকর্তাদের নির্দেশনা দেন।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮